

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:01-07-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

**03 new law :**

আজ থেকে গোটা দেশের সঙ্গে রাজ্যেও নতুন তিন ফৌজদারি আইন কার্যকর হচ্ছে। ভারতীয় দণ্ডবিধির বদলে ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম এই তিন আইন কার্যকর করতে আগেই নির্দেশ দিয়েছিল কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। নতুন তিন আইন সম্পর্কে রাজ্যে পুলিশ প্রশাসন, রাজ্য আইনসেবা কর্তৃপক্ষ সহ অন্যান্য দপ্তরগুলি সাধারণ নাগরিকদের আগে থেকেই সচেতন করে আসছে। আজ নতুন তিন আইন সম্পর্কে জনসাধারণকে সচেতন করতে রাজ্যের ৮৮ টি থানায় উদ্যোগ নেওয়া হবে। রাজ্য সরকারের স্বরাষ্ট্র সচিব প্রদীপ কুমার চক্রবর্তী এই কথা জানান। তিনি আরও জানিয়েছেন, ভারতীয় ন্যায় সংহিতা - ভারতীয় দণ্ড বিধি ১৮৬০, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩, ফৌজদারি কার্যবিধি ১৯৭৩ এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ২০২৩, ভারতীয় সাক্ষ্য আইন ১৮৭২-এর পরিবর্ত আইন। ভারতীয় ন্যায় সংহিতায় ৩৫৮ টি ধারা রয়েছে, যেখানে ভারতীয় দণ্ডবিধিতে ছিল ৫১১ টি ধারা। ভারতীয় ন্যায় সংহিতায় ৬ ধরনের অপরাধের জন্য কমিউনিটি সার্ভিসের শাস্তির বিধান রয়েছে। এই আইনে নতুন ৭ টি অপরাধমূলক বিষয় প্রবর্তন করা হয়েছে। তিনি আরও জানান, ৩০ জুন পর্যন্ত দায়ের করা পুরানো সব মামলা আগের আইনেই চলবে।

\*\*\*\*\*

### **Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সাম্প্রতিক লোকসভার নির্বাচনে সংবিধান এবং গণতান্ত্রিক কাঠামোর প্রতি পুনরায় আস্থা ব্যক্ত করায় দেশের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। তৃতীয় বারের মতো প্রধানমন্ত্রী হবার পর তিনি গতকাল "মন কি বাত" অনুষ্ঠানের ১১১তম পর্বে আরও বলেন, এই নির্বাচন ছিলো পৃথিবীর সবচেয়ে বৃহৎ নির্বাচন প্রক্রিয়া যেখানে ৬৫ কোটি মানুষ তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন।

প্রধানমন্ত্রী বলেছেন, গতকাল ৩০শে জুন হলো মহান "হুল দিবস"। এই দিবসটি মহান সিধু ও কানহুর বৃটিশ শাসকদের অত্যাচার বিরোধী অসীম সাহসিকতার সাথে আত্মবলিদান সম্পর্কিত। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে গৃহীত "এক পেড় মা কে নাম" শীর্ষক কর্মসূচী রূপায়ণে সকলকে নিজের মায়ের নামে অথবা মায়ের সাথে অন্ততঃ একটি গাছ লাগানোর আহ্বান জানান প্রধানমন্ত্রী। শ্রী মোদী বলেন, এই কর্মসূচীর ফলে মানুষের সামনে তার মায়ের প্রতি সম্মান প্রকাশের সুযোগ এসেছে।

এছাড়া, প্রধানমন্ত্রী আগামী মাসে অনুষ্ঠেয় প্যারিস ওলিম্পিকে অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়ারদের অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Bijoy michil:**

রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে জয়ী হওয়ায় গতকাল বিজয় মিছিলের মাধ্যমে বিধায়ক তথা আগরতলা পুর নিগমের

মেয়র দীপক মজুমদারকে শুভেচ্ছা জানান রামনগর বিধানসভার বিজেপি কার্যকর্তারা। মিছিলে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিধায়ক দীপক মজুমদার, বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য সহ অন্যান্য নেতৃত্বরা। মিছিলটি প্রগতি স্কুলের সামনে থেকে শুরু হয়ে রামনগর বিধানসভার বিভিন্ন এলাকা পরিদর্শন করে। মুখ্যমন্ত্রী এই জয়কে ঐতিহাসিক হিসেবে আখ্যায়িত করেন ।

\*\*\*\*\*

### **Detain more Bangladeshi :**

আগরতলা রেল ষ্টেশনে এগারজন বাংলাদেশিকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল সন্ধ্যায় ছয় মহিলা সহ এগারজন বাংলাদেশি নাগরিককে বেআইনি অনুপ্রবেশের অভিযোগে গ্রেপ্তার করা হয়। রেল থানার ওসি তাপস দাস জানান, দুদিনে ২২ জন বাংলাদেশি নাগরিককে বেআইনি অনুপ্রবেশের জন্য গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের আজ আদালতে হাজির করা হবে।

\*\*\*\*\*

### **Drug Seize :**

গতকাল সন্ধ্যায় গোপন খবরের ভিত্তিতে আসাম-আগরতলা জাতীয় সড়কের বাগবাসায় পুলিশ একটি নম্বর বিহীন গাড়িতে তল্লাশি চালিয়ে ৪০৮ গ্রাম হিরোইন বাজেয়াপ্ত করেছে। জেলা পুলিশ সুপার জানিয়েছেন, বাজেয়াপ্ত হিরোইনের বাজার মূল্য পঞ্চাশ কোটি টাকার মতো। এই ঘটনায় পুলিশ দু'জনকে আটক করেছে। দু'জনেরই বাড়ি সোনামুড়ায়।

\*\*\*\*\*

## সম্মান পেলেন দীপা :

ভারত গৌরব সম্মান পেলেন পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার এবং দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী। বাংলা-ত্রিপুরা মৈত্রী মঞ্চের উদ্যোগে কলকাতার স্বামী বিবেকানন্দ বিদ্যামন্দির নিবেদিত ওই সম্মান গতকাল দেওয়া হয় আন্তর্জাতিক জিমন্যাস্টিক্সে সফল দীপা এবং বিশ্বেশ্বরকে। কলকাতার রামকৃষ্ণ মিশনের স্বামী বিবেকানন্দ হলঘরে হয় অনুষ্ঠান। এতে কলকাতা ডাক বিভাগের সহযোগিতায় সাম্মানিক ডাক টিকিটও প্রকাশ করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বামী জ্ঞানলোকানন্দ মহারাজ।

\*\*\*\*\*

## রাজ্যভিত্তিক খোখো :

রাজ্যভিত্তিক খোখো প্রতিযোগিতা গতরাতে শেষ হয়েছে। রাজধানীর রামঠাকুর পাঠশালার মাঠে অনুষ্ঠিত দিবারাত্রির আসরের সাব জুনিয়র বালক বিভাগে সেরা হয় পশ্চিম জেলা এবং বালিকা উভয় বিভাগে সেরা হয়েছে ঊনকোটি জেলা। দুদিন ব্যাপী রাজ্যস্তরের এই আসরে পুরুষ ও মহিলা উভয় বিভাগে ঊনকোটি জেলা চ্যাম্পিয়ন হয়। পুরুষ বিভাগে উত্তর জেলা ও মহিলা বিভাগে পশ্চিম জেলা রানার্স হয়। আসরের শেষে বিজয়ীদের পুরস্কার তুলে দেয়া হয়।

\*\*\*\*\*

## Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র সহ দু এক পশলা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। গতকাল

সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টিপাতের পরিমান ছিল ৫১.৮ মিলিমিটার। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রী সেলসিয়াস। দিনের সর্বচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি। সিপাহিজেলা জেলা ,দক্ষিণ জেলা ও গোমতি জেলার বিভিন্ন অঞ্চলের ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে ।

\*\*\*\*\*

\*\*\*\*\*

